আমঝুপিতে আন্তর্জাতিক নির্মল বায়ু ও নীল আকাশ দিবস পালিত

“নির্মল বায়ু, সুস্থ জীবন ও সবুজ পরিবেশ”—এই প্রত্যয়ে মেহেরপুরের আমঝুপিতে আন্তর্জাতিক নির্মল বায়ু ও নীল আকাশ দিবস-২০২৬ পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ সোমবার সকাল সাড়ে ১০টায় আমঝুপি ইউনিয়ন পরিষদের সামনে সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার উদ্যোগে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়। জাস্ট এনার্জি ট্রানজিশন নেটওয়ার্ক বাংলাদেশ (জেটনেট-বিডি) ও একশনএইড বাংলাদেশ-এর সহযোগিতায় আয়োজিত মানববন্ধনে স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

মানববন্ধনে বক্তব্য দেন সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলম, ব্র্যাকের মেহেরপুর জেলা সমন্বয়কারী মনিরুল ইসলাম এবং সোসাইটি ফর দ্য প্রমোশন অব হিউম্যান রাইটসের (SPHCR) নির্বাহী পরিচালক আবু আবিদ।

বক্তারা বলেন, মানুষের সুস্বাস্থ্য ও সুন্দরভাবে বেঁচে থাকার জন্য নির্মল বায়ু অত্যন্ত গুরুত্বপূর্ণ। বায়ুদূষণের কারণে শ্বাসকষ্ট, হৃদরোগ, ফুসফুসের বিভিন্ন জটিলতা ও ক্যান্সারসহ নানা ধরনের স্বাস্থ্যঝুঁকি তৈরি হচ্ছে। তাই বায়ুদূষণ রোধে ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় পর্যায়ে সম্মিলিত উদ্যোগ প্রয়োজন।

তারা আরও বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষায় বেশি করে গাছ লাগাতে হবে এবং গাছের পরিচর্যা ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। পাশাপাশি খোলা জায়গায় আবর্জনা ও প্লাস্টিক পোড়ানো বন্ধ করতে হবে। নির্মল বায়ু ও নীল আকাশ নিশ্চিত করতে সবাইকে পরিবেশ সংরক্ষণে সক্রিয়ভাবে এগিয়ে আসার আহ্বান জানান বক্তারা।

মানববন্ধন থেকে বায়ুদূষণ রোধ, বৃক্ষরোপণ বৃদ্ধি, প্লাস্টিক ও বর্জ্য পোড়ানো বন্ধ এবং পরিবেশবান্ধব জীবনযাপনের ওপর গুরুত্বারোপ করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মোঃ আশাদুল ইসলাম, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর। সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফরের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলার বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন প্রতিনিধিত্বকারী সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মউকের উন্নয়ন কর্মী মুরাদ হোসেন, পল্লী জনউন্নয়ন কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক গোলাম কিবরিয়া, আরভির নির্বাহী পরিচালক জনাব আনারুল ইসলাম, পলাশিপাড়া সমাজকল্যাণ সমিতির পরিচালক মোঃ কামরুজ্জামান, সিডিপির পরিচালক জন প্রভঞ্জন এবং সুফিয়া খাতুনসহ আরও অনেকে।

এর আগে একটি বর্ণাঢ্য র্যালি প্রধান সড়ক প্রদক্ষিণ করে সিডিপি অফিস প্রাঙ্গণে এসে শেষ হয়। এ সময় বিভিন্ন সংস্থার প্রধান, কর্মকর্তা-কর্মচারী, উপকারভোগীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ র্যালি ও আলোচনা সভায় অংশগ্রহণ করেন।

মেহেরপুরে মাদকের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী দিবস পালিত

মেহেরপুরে মাদক দ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২০২৫ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসন ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আয়োজনে আজ বৃহস্পতিবার (২৬ জুলাই) সকাল ১০ টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভার আয়োজন করা হয়।
এর আগে জেলা শিল্পকলা একাডেমী থেকে একটি র্যালি বের করা হয়। র্যালি প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসন কার্যালয় প্রাঙ্গণে এসে শেষ হয়।

আলোচনা সভায় স্থানীয় সরকারের ভারপ্রাপ্ত উপপরিচালক মোঃ তরিকুল

ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব, শিক্ষা ও আইসিটি এবং বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (নেজারত শাখা, ট্রেজারি শাখা, ত্রাণ ও পুনর্বাসন শাখা) সাজেদুল ইসলাম, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথ, উপ-পরিদর্শক মদন মোহন সাহা, মোঃ মতিয়ার রহমান, সহকারী উপ-পরিদর্শক ইসমাইল হোসেন, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীর প্রমুখ উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় অতিথির বক্তব্যে স্থানীয় সরকারের ভারপ্রাপ্ত উপপরিচালক মোঃ তরিকুল ইসলাম বলেন, মাদক সমাজ ধ্বংসের অন্যতম হাতিয়ার। তরুণ প্রজন্মকে এই অপশক্তি থেকে রক্ষা করতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

পরে শিক্ষার্থীদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হয়।

কোটচাঁদপুর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত

দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা,গড়বো আগামীর শুদ্ধতা এই প্রতিপাদ্যে ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত হযেছে। বিভিন্ন কর্মসুচীর মধ্যদিয়ে দিবসটি পালিত হয়েছে।

প্রতিবছরের ন্যায় আজ সোমবার সকালে কোটচাঁদপুরেও আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস এ উপলক্ষে বিভিন্ন কর্মসুচী পালন করা হয়। যার মধ্যে ছিল জাতীয় ও দুর্নীতি প্রতিরোধ কমিটির পতাকা উত্তোলন, বেলুন উড়িয়ে উদ্বোধন ঘোষণা ও মানববন্ধন। পরে কোটচাদপুর উপজেলা অফিসার্স ক্লাবে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় কোটচাঁদপুর দুর্নীতি বিরোধী কমিটির সভাপতি হুমায়ন কবিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভুমি) জান্নাতুন মাওয়া, মডেল থানার অফিসার ইনর্চাজ কবির হোসেন মাতুব্বর, দুর্নীতি বিরোধী কমিটির সহ-সভাপতি মোঃ ওলিয়ার রহমান, দুর্নীতি বিরোধী কমিটির সাধারণ সম্পাদক ফরিদা ইয়াসমিন, সাফদালপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, কুশনা ইউনিয়নের চেয়ারম্যান শাহারুজ্জামান সবুজ, সিনিয়র মৎস্য কর্মকর্তা দ্বীন ইসলাম, কৃষি কর্মকর্তা জাহিদুল ইসলাম,মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাংবাদিক শাহ জামাল।

মেহেরপুরে বাংলাদেশ এনজিও ফাউণ্ডেশন দিবস পালিত

মেহেরপুর জেলা প্রশাসন ও বাংলাদেশ এনজিও ফাউণ্ডেশন (বিএনএফ)-এর সহযোগী সংস্থাসশূহের আয়োজনে যথাযোগ্য মর্যাদায বাংলাদেশ এনজিও ফাউণ্ডেশন দিবস-২০২৪ পালিত হয়েছে।

আজ সোমবার (০২ ডিসেম্বর) দিবসটি উদ্যাপন উপলেক্ষে এক আলোচনা সভা জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র মেহেরপুরে অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা এনজিও সমিতির সভাপতি মুহঃ মোশাররফ হোসেনের সভাপত্বিতে অনুষ্ঠানে প্রধান অতিতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইসলামিক ফাউণ্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মূনির, ব্র্যাকের জেলা প্রতিনিধি মনিরুল ইসলাম।

সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফরের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলার বাংলাদেশ এনজিও ফাউণ্ডেশনের প্রতিনিধিত্বকারী সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলম।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মউকের উন্নয়ন কর্মী মুরাদ হোসেন, পল্লি জনউন্নয়ন কল্যাণ সংস্থা নির্বাহী পরিচালক গোলাম কিবরিয়া, মোছাঃ মহিমা খাতুন, মোছাঃ ছামিয়ারা খাতুন, সুফিয়া খাতুন, হাসনাত আলী।

এর আগে অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম এর নেতৃত্বে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে ইলামিক ফাউণ্ডেশন প্রাঙ্গনে গিয়ে শেষ হয়।এসময় প্রধানগণ, কর্মকর্তা কর্মচারী, উপকারভোগী সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ র্যালি ও আলোচনা সভায় অংশগ্রহন করেন।

মুজিবনগরে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত

রুখবো দুর্নীতি গড়বো দেশ হবে সোনার বাংলাদেশ”উন্নয়ন, শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে দুর্নীতির বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ” এই প্রতিপাদ্য মুজিবনগরে পতাকা উত্তলোন, মানববন্ধন,আলোচনা সভার মধ্যদিয়ে পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস।

মুজিবনগর উপজেলা প্রশাসন, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, কুষ্টিয়া এবং উপজেলা দুর্নীতি প্রতিেরোধ কমিটি, মুজিবনগর এর আয়োজনে,দিবসটি উপলক্ষে শনিবার সকালে উপজেলা পরিষদ চত্বরে জাতীয় পতাকা ও দুর্নীতি দমন কমিশনের পতাকা উত্তোলন করা হয় জাতীয় পতাকা উত্তোলন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস ও দুর্নীতি দমন কমিশনের পতাকা উত্তোলন করেন মুজিবনগর উপজেলা দুর্নীতি দমন কমিশনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান।

পরে উপজেলা পরিষদ চত্বরে একটি মানববন্ধন অনুষ্ঠিত হয় মানববন্ধন শেষে উপজেলা পরিষদ অডিটরিয়ামে একটা আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খানের সভাপতিত্বে এবং উপজেলা

দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক সাবেক প্রভাষক বাকের আলির সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী খালিদ হাসান, মুজিবনগর থানার এস আই হেকমত আলী, মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক সহকারী প্রধান শিক্ষক আব্দুল হাই সহ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যবৃন্দ এবং বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক সহ উপজেলার পরিষদে কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

কোটচাঁদপুরে স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

যথাযোগ্য মর্যাদায় কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে জাতির জনক বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার বিদ্যালয়ে আলোচনা সভা করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহাক আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অভিভাবক সদস্য মোঃ মোমেন আল আরাফাত সোহেল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অভিভাবক সদস্য মোঃমঈন উদ্দিন খান, মোঃ সাইফুর রহমান মিন্টু ,মোঃ মফিদুল ইসলাম,সহকারী প্রধান শিক্ষক এসএম হুমায়ুন কবির শিক্ষক প্রতিনিধি মোঃ রবিউল ইসলাম মো: আবু রাসেল,বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রী মরিয়া ও তাহমিদ ইসফার।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন,সহকারী শিক্ষক শফিকুল ইসলাম। আলোচনা সভায় বক্তারা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যবর্তন দিবসের বিভিন্ন দিক তুলে ধরেন। এ সময় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র /ছাত্রী সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও ঝিনাইদহ ৩ আসনের মাননীয় জাতীয় সাংসদ এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চলের

শারিরীক সুস্থ্যতা কামনা করে দোয়া করা হয়।

দামুড়হুদায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় দামুড়হুদা ডাক বাংলা চত্তরে।

বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা, দারিদ্র্যমুক্ত ও অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়বোই।

এই শ্লোগানকে সামনে রেখে উক্ত অনুষ্ঠানে জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে, এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদের সদস্য শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন – সাধারণ সম্পাদক আঃ আজিজ, জেলা পরিষদের নবনির্বাচিত সদস্য এ্যাডঃ সিরাজুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলী।

দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাবেক আহবায়ক এ্যাডঃ আবু তালেব এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ হাশেম মেম্বার, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিন মাস্টার, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীগের সাধারণ সম্পাদক আবু তালেব মাষ্টার,নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ রাজ্জাক ফাকের মাষ্টার।নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ সালাম, ৩নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইমতিয়াজ হোসেন, দামুড়হুদা উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক শওকত আলী, সহ সভাপতি সাইফুল ইসলাম।দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।উপজেলা

ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম,সাবেক সাধারণ সম্পাদক নিশান তরফদার।দামুড়হুদা সদর ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি শেখ সোহেল, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা, যুগ্ম আহ্বায়ক আঃ করিম, সাবেক ছাত্রলীগ নেতা আনারুল, দর্শনা কলেজ ছাত্রলীগ নেতা হৃদয় হাসান, নাহিদ বিশ্বাস অনিক , সবুজ সহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন, দামুড়হুদা খাঁনপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা জয়নাল আবেদীন।

ঝিনাইদহে গণপ্রকৌশল দিবস পালিত

‘টেকসই উন্নয়নে-নবায়নযোগ্য জ্বালানী ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে গণপ্রকৌশল দিবস ও ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি)’র ৫২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আইডিইবি জেলা শাখার আয়োজনে বুধবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি শোভাযাত্রা বের করা হয়।

শোভাযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্র নাথ রায়, ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহারিয়ার জাহেদী হিজল, আইডিইবি জেলা শাখার সভাপতি ইয়াছিন আলী, সাধারণ সম্পাদক মুন্সী আবু জাফরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, দেশের উন্নয়নে নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার বাড়াতে প্রকৌশলীদের এগিয়ে আসার আহ্বান জানান।